গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নড়াইল সদর, নড়াইল
www.narailsadar.narail.gov.bd

**বিষয়: সেপ্টেম্বর/২০২২ মাসের নড়াইল সদর উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

সহযোগিতায়:
সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

স্থান : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল এর অফিস কক্ষ

তারিখ : ২৯/০৯/২০২২ খ্রি.

সময় : বেলা- ১১: ৩০ টা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য:

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকল সদস্যদের অনুরোধ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার প্রারম্ভিক বক্তব্যে সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করত: আলোচ্যসূচি অনুযায়ী সকলকে বক্তব্য প্রদানের আহ্বান জানান।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| **১। স্থায়ী কমিটির সুপারিশসমূহ:** উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, চলতি মাসে অনুষ্ঠেয় স্থায়ী কমিটির সভার কোন কার্যবিবরণী পাওয়া যায়। সকল স্থায়ী কমিটির নিয়মিতভাবে সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল এর কার্যালয়ে জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব |
| **২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):** ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তিনি গত ১৮/০৯/২০২২ খ্রি. তারিখে এ উপজেলায় যোগদান করেছেন। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, ২০২০-২০২১ অর্থ.বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম রাউন্ডের উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নড়াইল সদর উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে দরপত্র বিজ্ঞপ্তি নং"ই-টেন্ডার ০১/২০২২-২০২৩ আহ্বান করা হয়। নির্ধারিত তারিখে দাখিলকৃত দরপত্রের মধ্যে যথাক্রমে ১. ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে মিনি কম্পিউটার ল্যাব স্থাপনে উপকরণ সরবরাহ উপ-প্রকল্পে প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই ও মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বনিম্ন দরদাতা মেসার্স নাহিদ এন্টারপ্রাইজ, ডিসি রোড, গোপালগঞ্জ, ২. বোড়ামারা প্রতিবন্ধী স্কুলে শ্রেনিকক্ষ নির্মাণ উপ-প্রকল্পে এবং ৩. চারিখাদা মাধ্যমিক বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ উপ-প্রকল্পে প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই ও মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বনিম্ন দরদাতা জনাব বিকাশ কুমার কুরি, রতডাংগা, ঘোড়াখালী, নড়াইলকে ঠিকাদার নির্বাচন করা হয়। এছাড়া ২০১৯-২০২০ অর্থ বছরে উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা ৮টি Common Interest Group (CIG) কে একটি করে পাওয়ার ট্রিলার বিতরণ উপ-প্রকল্পে মাত্র ১ জন দরদাতা উর্ধ্ব দরদাতা হিসেবে কাঠালিয়া বিল্ডার্স, আকন ভিলা, রাখাল বাবু রোড, বরিশাল দরপত্র দাখিল করেন। উল্লিখিত উপ-প্রকল্পে বরাদ্দ কম থাকায় পরিষদের সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের ৩টি উপ-প্রকল্পের টেন্ডারে অংশগ্রহণকারীদের মধ্যে মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ প্রদান এবং পাওয়ার ট্রিলার বিতরণ উপ-প্রকল্পে বরাদ্দ কম থাকায় উর্ধ্ব দরদাতার দাখিলকৃত দরপত্র বাতিল পূর্বক ঠিকাদারের জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল এবং ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর<br><br>ইউডিএফ , নড়াইল সদর |
| **৩। উপজেলা স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগীয় ইপিআই কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। ইপিআই কার্যক্রমের আওতায় আগস্ট/২২ মাসে বিসিজি টিকা প্রদান করা হয়েছে ৩৩৭টি, পেন্টা ও পি.সি.ভি মোট ১১৩৪ টি করে মোট-২২৬৮টি, এম.আর ৮০৪টি এবং মহিলাদের টিকা লক্ষ্যমাত্রা ৪৭৬৪ অর্জন ৮৩৩ যার মধ্যে ১১৩ জন গর্ববতী। কোভিড টিকাদান কার্যক্রমের আওতায় মোট গণটিকা প্রদানের সংখ্যা-২৫৬০০টি, সদর উপজেলা টিকা কেন্দ্রে টিকা দেয়া হয়েছে-৯৮৭টি, মোট নমুনা সংগ্রহ সংখ্যা-০৬টি এর মধ্যে ০০টি পজিটিভ। আগষ্ট/২০২২ মাসে মোট মৃত্যুর সংখ্যা- ০০ জন। এ বছরে মোট মৃত্যুর সংখ্যা-০০ জন। তিনটি উপ-স্বাস্থ্য কেন্দ্রে আগষ্ট/২০২২ মাসে বহি:বিভাগে মোট ২৪৬০ জন রোগীর প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ নড়াইল সদর উপজেলা পরিষদ কেন্দ্রে কোভিড-১৯ এর ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| **৪। উপজেলা কৃষি বিভাগ:** উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর |
| **৫। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ, তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| **৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তার দপ্তর হতে সেপ্টেম্বর/২০২২ মাসে বিভিন্ন কার্যক্রমের মধ্যে গবাদি পশুর টিকা প্রদান সংখ্যা ৭৮২০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান সংখ্যা-৭৫০০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা সংখ্যা-২৫১৬টি, হাঁস-মুরগীর চিকিৎসা সংখ্যা-৯৮৯৮টি, কৃত্রিম প্রজনন সংখ্যা (তরল+হিমায়িত)-১১৬৬টি, কৃত্রিম প্রজনন থেকে বাচ্চা জন্মের সংখ্যা-৪২৯টি, দারিদ্র বিমোচন লোন আদায় হয়নি। কৃত্রিম প্রজনন থেকে রাজস্ব আয় হয়েছে-৩০৬৯০/- টাকা, হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকাবীজ থেকে রাজস্ব আয়-১৯৪৭৫/- টাকা এবং গবাদি পশুর রেজিস্ট্রেশন হতে আয়-২৩০০০/- টাকা এবং পশুখাদ্য রেজিষ্ট্রেশন হতে ১০৭০০/- টাকাসহ মোট রাজস্ব প্রাপ্তি ৮৩৮৭৫/-টাকা। তিনি আরও জানান স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, নড়াইল সদর |
| **৭। উপজেলা মৎস্য বিভাগ:** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২২ মাসে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে বিভিন্ন মাছ বাজার পরিদর্শন এবং সচেতনতা সভা অব্যাহত আছে। তিনি আরও জানান দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ প্রকল্পের আওতায় বিভিন্ন প্রাতিষ্ঠানিক জলাশয়ে এবং উন্মুক্ত জলাশয়ে ১৪৮৯ কেজি রুই জাতীয় পোনা মাছ উন্মুক্ত করা হয়েছে এবং উক্ত প্রকল্পের বিকল্প কর্মসংস্থানের জন্য ২০টি সুফলভোগী দল জাল সরবরাহের জন্য ২০টি সুফলভোগী দল, মৎস্য অভয়াশ্রম স্থাপনের জন্য প্রস্তাবিত তালিকা, বিল নার্সারী স্থাপনের জন্য প্রস্তাবিত তালিকা, খাঁচা স্থাপনের মাধ্যমে মাছ চাষ প্রস্তাব, পেন কালচারের মাধ্যমে মাছ চাষ করার প্রস্তাব প্রণয়ন কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। এ মাসে মোট ২৬ জন মৎস্য চাষীর মাঝে মাছ চাষের পরামর্শ প্রদান করা হয়েছে এবং ১৪টি মৎস্য ঘের সরেজমিনে পরিদর্শন করে পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য আড়ত, ফিস ল্যান্ডিং সেন্টার ও মাছ বাজারে গণসচেতনতা সভা ও পরিদর্শন অব্যাহত আছে। এছাড়া তার দপ্তরের বিভিন্ন দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ প্রকল্পের কার্যক্রম যেমন মৎস্য অভয়াশ্রম, বিল নার্সারি স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান তার বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। | আলোচনান্তে স্বাস্থ্যবিধি অনুসরণ করে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে নিয়মিত বাজার পরিদর্ন, গণসচেতনতা সভার আয়োজন, মাছের ঘের পরিদর্শন এবং মৎস্য চাষীদের মাছ চাষ সম্পর্কে পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর |
| **৮। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার নড়াইল সদর |
| **৯। সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | আলোচনান্তে সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| ১০। <u>উপজেলা খাদ্য বিভাগ:</u> উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর সভায় জানান যে, বর্তমানে নড়াইল খাদ্য গুদামে ধান-১০৫২.৪৪০ মে: টন, চাল-৩১৮৫.৮২৮ মে: টন, গম-১৯৪.৫২৫ মে: টন এবং খালি বস্তা-২৫৫৪৬ খানা মজুদ আছে। এছাড়া খাদ্য শস্য সংগ্রহ লক্ষ্যমাত্রা বোরো সিদ্ধ চাল ২৫০৯.০০০ মে:টন, অর্জন-২৪২৬.৫৯০ মে:টন, সংগ্রহ মূল্য-৪০/-টাকা, ধান-৩০৫৫.০০০ মে:টন, অর্জন-১৫৬৩.০০০ মে:টন, সংগ্রহ মূল্য-২৭/-টাকা, আতপচাল ৫৪.৯৯০ মে:টন, অর্জন ৫৪.৯৬০ মে:টন, সংগ্রহ মূল্য- ৩৯/- টাকা। চাল কল লাইসেন্সধারী ৩৩টি চুক্তিবদ্ধ ২৬টি এবং চুক্তির পরিমাণ ২৫০৮.৯৯০ মে:টন। ইস্যুকৃত ডিও'র অনুকূলে বিতরণকৃত খাদ্যশস্যের পরিমাণ চাল খাতভিত্তিক ইপি-৩৯.০৬৫ মে:টন, ওপি-৪.৫০০ মে: টন, মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন, ওএমএস-১৮০.০০০ মে:টন, ভিজিডি-৫০.২৫০ মে:টন এবং খাদ্যবান্ধব- ২৫৬.৬২০ মে:টন। গম খাতভিত্তিক ইপি-৩৬.৭০৫ মে:টন, ওপি- ১.০০০ মে: টন এবং মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন। এছাড়া বিভিন্ন খাদ্য সামগ্রীর বাজার দর চাল মোটা-৪৪/--৪৫/- টাকা, চাল মাঝারী-৫৫/--৫৬/- টাকা, চাল সরু-৬৫/--৬৬/- টাকা, ধান মোটা-২৫/--২৬/- টাকা, ধান মাঝারী-৩৪/- -৩৫/- টাকা, আটা লুজ-৪৯/--৫০/- টাকা, আটা প্যাকেট-৫৬/--৫৮/- টাকা, চিনি-৮৮/--৯০/- টাকা, ডাউল মুশুরি-৯৯/--১০০/- টাকা, সয়াবিন তেল-১৭৫/--১৮০/- টাকা এবং সরিষার তেল-২২০/--২৩০/- টাকা। তিনি আরও জানান খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রমে ৬৯৩১টি কার্ড যাচাই সম্পন্ন হয়েছে। যর ডিওর পরিমাণ ২০৭.৯৩০ মে:টন চাল উত্তোলনসহ বিতরণ কার্যক্রম চলছে এবং অবশিষ্ট কার্ডের যাচাই কার্যক্রম অব্যাহত আছে। | আলোচনান্তে খাদ্য বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করা করা, খাদ্যবান্ধব কর্মসূচির অবশিষ্ট কার্ডের ডিজিটাল ডাটাবেজ প্রস্তুত করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইল |
| ১১। <u>যুব উন্নয়ন বিভাগ:</u><br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম এবং অন্যান্য কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নড়াইল সদর |
| ১২। <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, আগস্ট/২০২২ মাসে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির আওতায় ভ্যাসেকটমি লক্ষ্যমাত্রা ০৪, অর্জন নতুন ০০, মোট-৯১৩, টিউবেকটমি লক্ষ্যমাত্রা ৩৯, অর্জন নতুন ০৯, মোট-৬১৬৮, আইইউডি লক্ষ্যমাত্রা ৫৫, অর্জন নতুন ২৮, মোট-১৬৮১, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রা ৬০, অর্জন নতুন ৩৫, মোট-২৬৫৭, ইনজেকশন লক্ষ্যমাত্রা ২৫৫, অর্জন নতুন ১৪৩ মোট-৭০০০, খাবার বড়ি লক্ষ্যমাত্রা ৩০০, অর্জন নতুন ১৫৩, মোট ২৪৫৮৬ কনডম লক্ষ্যমাত্রা ৮৩, অর্জন নতুন ১৩২ মোট ৫৯০৮, মোট সক্ষম দম্পতি ৬২৭০৯, মোট গ্রহণকারী ৪৮৯১৩ এবং সি এ আর ৭৮.০০%। তিনি আরও জানান স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |
| ১৩। <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পাঠদান চলছে। ২০২২ সালের এসএসসি/দাখিল ও সমমানের পরীক্ষা গত ১৫/০৯/২০২২ খ্রি. তারিখ থেকে শুরু হয়ে চলমান আছে। ৪৯তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা, ও কারিগরী গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে গত ০৮/০৯/২০২২ তারিখে সম্পন্ন হয়েছে। উপজেলা আইসিটি ভবনের (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) নির্মাণ কাজ চলমান। তিনি আরও জানান তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ১৪। <u>বাংলাদেশ পল্লী উন্নয়ন বিভাগ (পল্লী জীবিকায়ন কর্মসূচি):</u><br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (অ:দা:), পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর সভায় জানান যে, তার কার্যালয় হতে সেপ্টেম্বর/২০২২ মাসে সমিতির সদস্যদের মাঝে কোন ঋণ বিতরণ করা হয়নি। ঋণ আদায় হয়েছে ১০.৮৮ লক্ষ টাকা, শেয়ার আদায় ০.০৩ লক্ষ টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ০.০৪ লক্ষ টাকা। মাস শেষে খেলাপী ঋণের পরিমাণ ৩৪.৪২ লক্ষ টাকা। | আলোচনান্তে পল্লী জীবিকায়ন কর্মসূচির আওতায় ঋণ বিতরণ এবং বিতরণকৃত ঋণ আদায়ের গতি বৃদ্ধি করা, করোনা ভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণসহ তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, বি,আর,ডি,বি, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| ১৫। **পরিসংখ্যান বিভাগ:** উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইল এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, Sample Vital Registration (SVSB) প্রকল্পের অধীন Sample Vital Registration System জরিপ এর তথ্য সংগ্রহ কাজ প্রতি মাসের ০১-১৫ তারিখের মধ্যে করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল একাউন্টিং উইং এর মূল্য ও মজুরি শাখার বিভিন্ন সূচকের (দরছকের মাধ্যমে) তথ্য সংগ্রহের কাজ প্রতি মাসের ১২-১৮ তারিখের মধ্যে করা হয়। CAPI পদ্ধতিতে হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেনডিচার সার্ভে (HIES) ২০২২ এর লিস্টিং কার্যক্রম এবং CAPI অ্যাপ্লিকেশনের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ ০৯/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। CAPI পদ্ধতিতে শ্রম শক্তি জরিপ এবং জাতীয় শিশুশ্রম জরিপের লিস্টিং কার্যক্রম ০১/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে এবং বার্ষিক কৃষি পঞ্জিকার মাধ্যমে মাসব্যাপী বিভিন্ন প্রধান ও অপ্রধান ফসলের আনুমানিক হিসাবের তথ্য সংগ্রহ করা হয়। তিনি আরও জানান পরিসংখ্যান বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিসংখ্যান বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর |
| ১৬। **উপজেলা রিসোর্স সেন্টার:**<br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা রিসোর্স সেন্টারের কাজকর্ম ও প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয় | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর |
| ১৭। **মহিলা বিষয়ক অধিদপ্তর:**<br>উপপরিচালক (অ:দা:), মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | মহিলা বিষয়ক অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করা, বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান, যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ নিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল |
| ১৮। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, এ উপজেলায় বিভিন্ন ক্যাটাগরিতে মোট সমবায় সমিতির মোট সংখ্যা ৫৭২টি। এ মাস পর্যন্ত অডিট সম্পাদন হয়েছে ২১টি। ২০২০-২০২১ অর্থ বছরে অডিট ফি আদায়- ৩৮,৭০০/- এবং সিডিএফ আদায় হয়েছে ১৫,১২৫/- টাকা। চিত্রা আশ্রয়ণ প্রকল্পে মোট ঋণ বিতরণ ৩০,২৩,০০০/- টাকা এবং মোট ঋণ প্রাপ্তি ১৪,০০,০০০/-টাকা । আগস্ট ২০২২ মাসে ঋণ আদায় ৪৫০/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায় ২১,৬৯,৪৭০/-টাকা। অনাদায়ী ঋণের পরিমাণ ৮,৫৩,৫৩০/- টাকা। ঋণ আদায়ের হার ৬৬%। গোপীকান্তপুর আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এর আওতায় মোট ঋণ বিতরণ ১২,১০,৫০০/- টাকা এবং ঋণ প্রাপ্তি ৬,৩০,০০০/- টাকা। আগস্ট/২০২২ মাসে ঋণ আদায় ৪০৭৫/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৮,২৮,৭৯৪/- টাকা। অনাদায়ী ঋণের পরিমাণ ৩,৮১,৭০৬/-টাকা। ঋণ আদায়ের হার ৬৩%। | আলোচনান্তে সমবায় বিভাগের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও বিতরণকৃত ঋণের টাকা আদায়ের হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর |
| ১৯। **বীজ বিভাগ:**<br>সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বোরো ধান বীজ বিতরণ মৌসুমে শীতকালীন সবজি বীজ, ডাল-তৈল বীজ ও বোরো ধান বীজের বরাদ্দ এখনও পাওয়া যায়নি। শীতকালীন সবজি, ডাল-তৈল ও বোরো ধান বীজের বরাদ্দ পাওয়া গেলে সংশ্লিষ্টদের অবহিত করা হবে। তিনি আরও জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে বিএডিসি বীজ বিভাগের বীজ বিতরণ কার্যক্রম এবং দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ জন্য সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র,সহকারী পরিচালক, বীজ বিপণন, নড়াইল সদর |
| ২০। **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ:**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| ২১। **জনস্বাস্থ্য বিভাগ:** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল সভায় তার কার্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক ভৌত কাজের সেপ্টেম্বর/২০২২ মাসের বিভিন্ন উন্নয়নমূলক ভৌত কাজের মাসিক অগ্রগতি সম্পর্কে জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ধরণের নলকূপ স্থাপন কাজ কেরিডওভার বরাদ্দ-৬৭০টি, অগ্রগতি ৪৬%, অবশিষ্ট কাজ চলমান আছে। আশ্রয়ণ প্রকল্প (পানির উৎস/নলকূপ স্থাপন কাজ) ৬ নং অগভীর নলকূপ, ৬নং গভীর নলকূপ ও তারা গভীর নলকূপ ৩য় ফেজে নির্মানাধীন ঘরের জন্য পানির উৎস/নলকূপ স্থাপন কাজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন আছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় দ্বিতল ওয়াশব্লক ১১টি। কাজের অগ্রগতি ৩০%, পানির উৎস টিএসপি ০৪টি, অগ্রগতি ৫০%, অবশিষ্ট কাজ চলমান আছে। NBIDNNGPS-1 প্রকল্পে দ্বিতল ওয়াশ ব্লক ৭টি, অগ্রগতি ৮৫%, ৫টি হস্তান্তর করা হয়েছে। পানির উৎস টিএসপি-এ ৩৮টি, অগ্রগতি ৩২টি, অবশিষ্ট কাজ চলমান আছে। NBIDNNGPS-1 প্রকল্পে দ্বিতল ওয়াশ ব্লক ১টি, অগ্রগতি ৭৫%, অবশিষ্ট কাজ চলমান আছে। পানির উৎস টিএসপি-এ ১৫টি, অগ্রগতি ১৩টি, অবশিষ্ট কাজ চলমান আছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন, গভীর ও অগভীর নলকূপ স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল |
| ২২। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নড়াইল সদর |
| ২৩। **উপজেলা নির্বাচন বিভাগ:**<br>উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা নির্বাচন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ২৪। **বন বিভাগ:** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল সভায় জানান যে, করাত কল বিধিমালা-২০১২ অনুযায়ী অবৈধ করাতকল উচ্ছেদের চলমান অভিযান আরও জোরদার করার লক্ষ্যে অবৈধ করাত কলের বিদ্যুৎ সংযোগ না দেয়া এবং সংযোগ থাকলে তা বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (ওজোপাডিকো/পল্লী বিদ্যুৎ সমিতি) প্রতি অনুরোধ জানান। এছাড়া অবৈধ করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট প্রশাসনকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, বনবিভাগ হতে সরকার নির্ধারিত ৯/-(নয়) টাকা মূল্যে চারা বিক্রয় কার্যক্রম চলমান আছে। | আলোচনান্তে বন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ, তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল |
| ২৫। **পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন:** উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করা এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর |
| ২৬। **উপজেলা প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের জন্য নতুন চেয়ার, টেবিল ও আলমারী (আসবাবপত্র) ক্রয়ের লক্ষ্যে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা উপজেলা পরিষদের জন্য নতুন চেয়ার, টেবিল আলমারী (আসবাবপত্র) ক্রয়ের লক্ষ্যে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার দাখিলকৃত প্রাক্কলন অনুমোদনসহ প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। জরুরি ভিত্তিতে আরএফকিউ পদ্ধতিতে চেয়ার, টেবিল সরবরাহের নিমিত্ত ঠিকাদার নির্বাচন পূর্বক মালামাল সংগ্রহ করতে উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর<br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর<br>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর |

<table>
<tr>
<td>
২৭। (ক) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর সেপ্টেম্বর/২০২২ মাসের মাসের ভ্রমণ ভাতা বিল নিয়োক্তভাবে পাওয়া গেছে।
<table>
<tr><th>ক্র নং</th><th>নাম ও পদবি</th><th>মাসের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>জনাব মোঃ নিজাম উদ্দিন খান নিলু<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>সেপ্টেম্বর/২০২২</td><td>১১,২৫০/-</td></tr>
<tr><td>২</td><td>জনাব ইসমত আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>সেপ্টেম্বর/২০২২</td><td>৮,৫০০/-</td></tr>
</table>
</td>
<td>আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান এর সেপ্টেম্বর/২০২২ মাসের ভ্রমণভাতা বিল ১১,২৫০/- (এগারো হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর সেপ্টেম্বর/২০২২ মাসের ভ্রমণভাতা বিল- ৮,৫০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ<br><br>উপজেলা নির্বাহী অফিসার নড়াইল সদর</td>
</tr>
<tr>
<td>(খ) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর সভায় জানান যে, নড়াইল সদর উপজেলায় মুজিব শতবর্ষে ১৪৭টি ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে ঘর হস্তান্তর করা হয়েছে। উক্ত ঘর হস্তান্তরের বিষয়ে ২০২২-২০২৩ অর্থবছরে নড়াইল সদর উপজেলা পরিষদ হতে একটি রঙ্গিন ডকুমেন্টারী প্রকাশনা বের করা প্রয়োজন। তিনি আরও জানান উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ব) নম্বর অনুচ্ছেদে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে বার্ষিক প্রতিবেদনসহ অন্যান্য প্রকাশনা ব্যয় নির্বাহের জন্য প্রতি অর্থবছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক) লক্ষ টাকা ব্যয় করার নির্দেশনা আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(খ) আলোচনান্তে চলতি ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা (১,০০,০০০/- টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে) নড়াইল সদর উপজেলায় মুজিব শতবর্ষে ১৪৭টি ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে ঘর হস্তান্তর করার উপর একটি রঙ্গিন ডকুমেন্টারী প্রকাশনা বের করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। উক্ত ডকুমেন্টারী প্রকাশনার কাজ জরুরি ভিত্তিতে সম্পাদনের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়।<br>১) সহকারী কমিশনার(ভূমি),নড়াইল সদর, নড়াইল-আহবায়ক<br>২) উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৩) উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৪) সিনি: উপজেলা মৎস্য অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৫) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর - সদস্য<br>৬) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৭) চেয়ারম্যান, চন্ডিবরপুর ইউপি, নড়াইল সদর- সদস্য<br>গঠিত কমিটিকে উক্ত প্রকাশনার কাজ নির্ধারিত অর্থে দ্রুত সম্পন্ন পূর্বক বিল ভাউচারসমূহ উপজেলা পরিষদ সভায় অনুমোদনের জন্য দাখিল করার অনুরোধ জানানো হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর<br><br>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর<br><br>সংশ্লিষ্ট কমিটি</td>
</tr>
<tr>
<td>(গ) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৪৬ .০০ .০০০০.০৪৬.১৮.১৫৭.১৬-৫৩৫ নম্বর পত্রটি সভায় পাঠ করে শোনান। উক্ত পত্রে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রাক্কলন অনুযায়ী ২৯,৮১,৬০৯/- (উনত্রিশ লক্ষ একাশি হাজার ছয়শত নয়) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮ এবং এ সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক নড়াইল সদর উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার ও বাসভবনের গেট নির্মাণ প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন দেয়া হয়েছে। তিনি আরও জানান যে, উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল কর্তৃক প্রস্তুতকৃত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার ও বাসভবনের গেট নির্মাণের ২৯,৮১,৬০৯/- (উনত্রিশ লক্ষ একাশি হাজার ছয়শত নয়) টাকার প্রাক্কলনটি গত ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার ও বাসভবনের গেট নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(গ) আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগ এর, উপজেলা-১ শাখা কর্তৃক প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার ও বাসভবনের গেট নির্মাণ প্রকল্পটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী ২৯,৮১,৬০৯/- (উনত্রিশ লক্ষ একাশি হাজার ছয়শত নয়) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮ এবং এ সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে বাস্তব অবস্থার নিরিখে অনুমোদিত প্রাক্কলন প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনপূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। উক্ত প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর<br><br>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২৮। উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর আগস্ট/২০২২ মাসের দৈনিক মজুরি বিল, উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের আনুষঙ্গিক ও আপ্যায়ন খরচ বিল, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের আগস্ট/২০২২ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় বিল, সেপ্টেম্বর/২০২২ মাসে উপজেলা পরিষদের ফটোকপিয়ার মেশিন মেরামত বিল এবং আনসার ব্যারাকের আগস্ট/২০২২ মাসের বিদ্যুৎ বিল অনুমোদন প্রসংগে।
<table>
<tr><td>(ক)</td><td>উপজেলা পরিষদের মালির আগস্ট/২০২২ মাসের দৈনিক মজুরি বিল</td><td>১১,০০০/-</td></tr>
<tr><td>(খ)</td><td>উপজেলা পরিষদের পরিচ্ছন্ন কর্মীর আগস্ট/২০২২ মাসের দৈনিক মজুরি বিল</td><td>১১,০০০/-</td></tr>
<tr><td>(গ)</td><td>উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের আনুষঙ্গিক খরচ বিল</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>(ঘ)</td><td>উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের আপ্যায়ন খরচ বিল</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>(ঙ)</td><td>আনসার সদস্যদের আগস্ট/২০২২ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় বিল</td><td>৩,৯০০/-</td></tr>
<tr><td>(চ)</td><td>সেপ্টেম্বর/২০২২ মাসে উপজেলা পরিষদের ফটোকপিয়ার মেশিন মেরামত বিল</td><td>৬,৬০০/-</td></tr>
<tr><td>(ছ)</td><td>আনসার ব্যারাকের আগস্ট/২০২২ মাসের বিদ্যুৎ বিল</td><td>৩,৩৭৯/-</td></tr>
</table>
</td>
<td>আলোচনান্তে উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর আগস্ট/২০২২ মাসের দৈনিক মজুরি বিল যথাক্রমে ১১,০০০/- টাকা ও ১১,০০০/- টাকা, উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের আনুষঙ্গিক খরচ বিল-৫,০০০/- টাকা ও আপ্যায়ন খরচ বিল-৩০,০০০/- টাকা, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের আগস্ট/২০২২ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় বিল-৩,৯০০/- টাকা, সেপ্টেম্বর/২০২২ মাসে উপজেলা পরিষদের ফটোকপিয়ার মেশিন মেরামত বিল-৬,৬০০/-টাকা এবং আনসার ব্যারাকের আগস্ট/২০২২ মাসের বিদ্যুৎ বিল-৩,৩৭৯/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ নড়াইল সদর<br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর</td>
</tr>
</table>

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫৭৬.০০১.০১.০৩৩.২২-৮৫৮(৫০)        তারিখ : ২৯/০৯/২০২২ খ্রি.

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৩-নড়াইল-১
৩. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৪-নড়াইল-২
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৭. জেলা প্রশাসক, নড়াইল

অনুলিপি-জ্ঞাতার্থে ও কার্যার্থে-

৮. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল
৯. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১০. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১১. উপজেলা.......................................................... অফিসার, নড়াইল সদর, নড়াইল
১২. চেয়ারম্যান ..................................................... ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল

সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

২৯/০৯/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য:

| উপস্থিত সদস্য | অনুপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|
| ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ১. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল |
| ২. উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল | ২. চেয়ারম্যান, আউড়িয়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল |
| ৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৩. চেয়ারম্যান, শেখহাটী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল |
| ৪. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৪. চেয়ারম্যান, সিংগাশোলপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর |
| ৫. চেয়ারম্যান, মাইজপাড়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৫. চেয়ারম্যান, বিছালী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল |
| ৬. চেয়ারম্যান, হবখালী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৬. চেয়ারম্যান, মুলিয়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল |
| ৭. চেয়ারম্যান, চন্ডিবরপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৭. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৮. চেয়ারম্যান, শাহাবাদ ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৮. উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৯. চেয়ারম্যান, তুলারামপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর,নড়াইল | ৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ১০. চেয়ারম্যান, কলোড়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ১০. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ১১. চেয়ারম্যান, ভদ্রবিলা ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ১১. ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, নড়াইল |
| ১২. চেয়ারম্যান, বাঁশগ্রাম ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ১২. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল সদর, নড়াইল |
| ১৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নড়াইল সদর, নড়াইল | ১৩. উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, নড়াইল সদর |
| ১৪. উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল | ১৪. উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র, নড়াইল সদর |
| ১৫. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নড়াইল সদর, নড়াইল | ১৫. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইল |
| ১৬. উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ১৭. উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল | |
| ১৮. অফিসার-ইনচার্জ, নড়াইল সদর থানা, নড়াইল | |
| ১৯. উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২০. উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২১. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৩. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর | |
| ২৪. উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৫. উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৬. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইল | |
| ২৭. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল | |
| ২৮. উপজেলা প্রকল্প কর্মকর্তা,পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর | |
| ২৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল | |
| ৩০. সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদর | |
| ৩১. উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩২. ইউডিএফ, ইউজিডিপি, নড়াইল সদর, নড়াইল | |